# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭ সালের ৭ম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২১ আগস্ট, ২০১৭ |
| সময় | ঃ | বেলা ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:-

আলোচ্য বিষয়-১: ১৯ জুলাই, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ১৯ জুলাই, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৭ সালের ৬ষ্ঠ বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত : সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস এর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৭ সালের ৬ষ্ঠ বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্য বিষয়-২: আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০১৭ উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মুরগী বাজার সংলগ্ন খালি স্থানে গরু-ছাগলের হাট ইজারার নিমিত্তে মেসার্স হামিদা এন্টারপ্রাইজ, প্রোঃ- হামিদা সুলতানা, ২৪২ উত্তর কাফরুল, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,৫৩,৭৭,০০০/- (এক কোটি তিপ্পান্ন লক্ষ সাতাত্তর হাজার) টাকার সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজার সংলগ্ন খালি জায়গায় আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০১৭ উপলক্ষে গরু-ছাগলের হাট ইজারার জন্য দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক যুগান্তর এবং দি নিউ এইজ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ০২ আগস্ট ২০১৭ তারিখ হতে ১৬ আগস্ট ২০১৭ তারিখ পর্যন্ত নির্ধারিত ০৬(ছয়)টি স্থানে মোট ২৩ (তেইশ)টি দরপত্র ফরম বিক্রি করা হয় এবং ১৭ আগস্ট ২০১৭ তারিখে জিডিও, স্টেশন সদর দপ্তরের প্রতিনিধি এবং দরদাতাদের উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। দরপত্র বাক্স খুলে মোট ০৩(তিন) দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স হামিদা এন্টারপ্রাইজ, প্রোঃ- বেগম হামিদা সুলতানা, ২৪২, উত্তর কাফরুল, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,৫৩,৭৭,০০০/-(এক কোটি তিপ্পান্ন লক্ষ সাতাত্তর হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রাপ্ত দরটি যুক্তিসঙ্গত হওয়ায় সর্বোচ্চ দর প্রদানকারী মেসার্স হামিদা এন্টারপ্রাইজকে গরু-ছাগলের হাট ইজারা প্রদানের জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য সুপারিশ করা হয়েছে। এমতাবস্থায় মেসার্স হামিদা এন্টারপ্রাইজ, পোঃ হামিদা সুলতানা, ২৪২, উত্তর কাফরুল, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,৫৩,৭৭,০০০/-(এক কোটি তিপ্পান্ন লক্ষ সাতাত্তর হাজার) টাকার দরটি অনুমোদনের বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো। এ প্রসংগে আলোচনায় জানা যায় যে, বাংলাদেশ ক্রিকেট বোর্ডের ০৫ আগস্ট, ২০১৭ তারিখের বিসিবি/প্রশাসন/২০১৭/৪৫৬ নং পত্র ও পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর ১৩ আগস্ট, ২০১৭ তারিখের ৪৪.০১.০০০০.০১৯.২৪.০০১.২০১৭/৪৬৪৪ নং পত্রের মাধ্যমে অষ্ট্রেলিয়া ও বাংলাদেশ ক্রিকেট দলের গমনাগমন পথে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে কচুক্ষেত এলাকায় অস্থায়ী কোরবানীর পশুর হাট না বসানোর জন্য অনুরোধ জানানো হয়েছে। এ প্রেক্ষিতে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২০ আগস্ট, ২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্টনমেন্ট-বোর্ড/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজার সংলগ্ন খালি স্থানে আগামী ২৭ আগস্ট, ২০১৭ তারিখ হতে ০২ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত গরু-ছাগলের হাট না বসানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যেহেতু ২৭ আগস্ট, ২০১৭ তারিখ হতে ৩১ আগস্ট, ২০১৭ তারিখ পর্যন্ত আন্তর্জাতিক টেষ্ট ক্রিকেট ম্যাচ চলাকালীন সময়ে বাংলাদেশ ও অষ্ট্রেলিয়া ক্রিকেট টিম সেনানিবাস হয়ে রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন রাস্তা ব্যবহার করে শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে যাতায়াত করবে সেহেতু নিরাপত্তার স্বার্থে উক্ত রাস্তা সংলগ্ন রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজার সংলগ্ন খালি জায়াগায় অস্থায়ী কোরবানীর পশুর হাট না বসানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানের ৩৬টি শূণ্য পদে নিয়োগের বিষয়ে গঠিত কমিটির সিদ্ধান্ত ঘটনোত্তর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত হাসপাতাল এবং অন্যান্য প্রতিষ্ঠানের ৩৬টি শূণ্য পদে নিয়োগের নিমিত্ত ০২(দুই) ধাপে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এ প্রেক্ষিতে প্রাপ্ত ১৮৬৬টি আবেদন যাচাই-বাছাই করে ১৫৩০ জন সঠিক আবেদনকারীর লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে গত ২৮ ও ২৯ জুলাই নিয়োগ পরীক্ষার কার্যক্রম সম্পন্ন করা হয়। ৩৬টি পদের বিপরীতে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্যক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ মোট ২২ (বাইশ) জনকে নিয়োগের জন্য নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশ করা হয়। নিয়োগ কমিটির কার্যবিবরণী প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়েছে এবং সে মোতাবেক নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে। বিষয়টি ঘটনাত্তোর অনুমোনের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানের ৩৬টি শূণ্য পদে নিয়োগের বিষয়ে গঠিত কমিটির সিদ্ধান্ত ঘটনোত্তর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত হাসপাতাল এবং অন্যান্য প্রতিষ্ঠানের ৩৬টি শূণ্য পদে নিয়োগের নিমিত্ত পরীক্ষা পরিচালনা ব্যয় বাবদ ৩,৪৯,৯৮৭/-(তিন লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত সাতাশি) টাকা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানের ৩৭টি শূণ্য পদের বিপরীতে ২(দুই) ধাপে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এর প্রেক্ষিতে ২(দুই) ধাপে মোট ১৮৬৬টি আবেদন পত্র পাওয়া যায়। প্রতি আবেদনের সাথে ২০০/- (দুই শত) টাকা করে ব্যাংক ড্রাফট জমা করা হয়। গত ২৮ ও ২৯ জুলাই ২০১৭ তারিখে নিয়োগ পরীক্ষার সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং উক্ত পরীক্ষা সম্পন্ন করতে স্টেশনারী, আপ্যায়ন ও সম্মানী বাবদ সর্বমোট ৩,৪৯,৯৮৭/-(তিন লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত সাতাশি) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত হাসপাতাল এবং অন্যান্য প্রতিষ্ঠানের ৩৬টি শূণ্য পদে নিয়োগের নিমিত্ত পরীক্ষা পরিচালনার জন্য ৩,৪৯,৯৮৭/-(তিন লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত সাতাশি) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় আবেদনকারী প্রার্থীদের জমাকৃত অর্থ হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৫: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-৭০, ফ্ল্যাট নং-সিএ/৩ (৩য় তলা) রোড নং-৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ডাঃ কাজী নাজমা করিম,স্বামী-ডাঃ আবুল কাশেম মুহম্মদ বজলুর করিম, বাড়ী নং-৭০, ফ্ল্যাট নং-সিএ/৩, রোড নং-৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১০/৮/২০১৬। | জনাব আবু মোঃ খায়রুল হাছান, পিতা-আবু মোঃ মহসীন, বাড়ী নং-২১, ফ্ল্যাট নং-সি-৬, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০১/৬/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০ ৩.০২৮.০১.০১.০৬. ১৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৪৮০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। বার্ষিক গৃহকর ৯০০০/-টাকা জুন, ২০১৭ পরিশোধ আছে। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | প্লট নং-৩০/ই ফ্ল্যাট নং-এ/১ (২য় তলা) রোড নং-৫, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মৃত ফতেহ আলী, বাড়ী নং-৩০/ই, রোড নং-৫,ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তারিখ-০৯/০৪/২০১৭। | কামনা রহমান, স্বামী-আতাউর রহমান বাবলু, বর্তমান ঠিকানা-বাসা নং-৯১, নতুন-৫, রোড নং-১০, ধামালকোর্ট, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। স্থায়ী ঠিকানাঃ বাসা নং-১০১/১, গ্রাম/রাস্তা-জনতা রোড, নীচুপাড়া, ডাকঘর গোপালগঞ্জ, থানা+জেলা-গোপালগঞ্জ | ০৯/০৭/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০ ৩.০২৮.০১.০৯.০৭. ১৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৬৫০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই। |

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডে ৭০ নং প্লটে নির্মিত ০৪ তলা বাড়ীর ৩য় তলার ১৪৮০ বর্গফুট বিশিষ্ট সিএ/৩ নং ফ্ল্যাট এবং ৫ নং রোডে ৩০/ই নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ২য় তলার ১৬৫০ বর্গফুট বিশিষ্ট এ/১ নং ফ্ল্যাট নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তরের অনুমোদনের জন্য বর্তমান মালিকগণ আবেদন করেছেন। প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। আলোচ্য প্লট দু'টিতে নির্মিত বাড়ীতে অনুমোদিত নকশা বহির্ভুত কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত কোন জমিও দখলে নেই।

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

৫.১ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডে ৭০ নং প্লটে নির্মিত ০৪ তলা বাড়ীর ৩য় তলার ১৪৮০ বর্গফুট বিশিষ্ট সিএ/৩ নং ফ্ল্যাট নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ জনাব আবু মোঃ খায়রুল হাছান, পিতা- আবু মোঃ মহসীন এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৫.২ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডে ৩০/ই নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ২য় তলার ১৬৫০ বর্গফুট বিশিষ্ট এ/১ নং ফ্ল্যাট নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ কামনা রহমান, স্বামী-আতাউর রহমান বাবলু, বর্তমান ঠিকানা-বাসা নং-৯১, নতুন-৫, রোড নং-১০, ধামালকোর্ট, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৬: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র /রেজিস্ট্রিকৃত হেবাদলিলমুলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২৬, ফ্ল্যাট নং-৩/বি(৩য় তলা পশ্চিম) রোড নং-০৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ডাঃ এম এ রশিদ চৌধুরী, পিতা-মরহুম এম এ রহিম চৌধুরী, বাড়ী নং-২৬, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সেলিমা বেগম স্বামী-মোঃ বদরুদ্দোজা, বাড়ী নং-২৬, ফ্ল্যাট নং-৩/বি, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-০২/০৩/২০১৭ | ২১/০৬/২০১৬ তারিখের ২৩.০৫.৫০১.৩ ০০.১০.০২৯.০ ১.২১.০৬.১৬ নং পত্র। | ২০/০৯/২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-২৬/ফ্লাট নং-৩/বি(৩য় তলা পশ্চিম পার্শ্ব)/২৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১০৯০ বঃফুঃ (নিচ তলায় ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ২৬ নং প্লটে নির্মিত ০৬ তলা বাড়ীর ১০৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩/বি (৩য় তলা পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাট ও নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ মিসেস সেলিমা বেগম, স্বামী- মোঃ বদরুদ্দোজা এর নিকট প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তাছাড়পত্র এবং বোর্ডসভার অনুমোদনক্রমে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক ডাঃ এম এ রশিদ চৌধুরী ফ্ল্যাটের খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত ক্রেতা মিসেস সেলিমা বেগম এর নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক মিসেস সেলিমা বেগম রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ উক্ত ফ্ল্যাটটি তার নামে নামজারী করার জন্য ০২ মার্চ ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ২৬ নং প্লটে নির্মিত ০৬ তলা বাড়ীর ১০৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩/বি (৩য় তলা পশ্চিম পার্শ্ব) নং ফ্ল্যাট ও নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ রেজিষ্ট্রি দলিলমূলে ক্রেতা মিসেস সেলিমা বেগম, স্বামী- মোঃ বদরুদ্দোজা এর নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৭: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১২৯৬০ বর্গফুট বা ১৮ কাঠা জমি বিশিষ্ট ৬/এ নং প্লট ও প্লটে নির্মিতব্য ০১ তলা বাড়ীর যৌথ মালিকানার শেখ শাহরিয়ার পান্না, পিতা-মৃত শেখ আব্দুল হামিদ এর অংশের ০৬(ছয়) কাঠা ভূমিসহ (অবিভক্ত/অচিহ্নিত) আপন ভাতিজাকে হেবা/দান করার অনুমতির বিষয়ে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ৭/৮/২০১৭ তারিখে অনুমোদিত কার্যবৃত্তপত্র বাতিল করতঃ তাঁর আপন ভাই শেখ আব্দুল হাই বাচ্চু, পিতা- মৃত শেখ আব্দুল হামিদ এর নামে হেবা/দান করার অনুমতির বিষয়ে শেখ শাহরিয়ার পান্না এর ১৩ আগষ্ট ২০১৭ তারিখের আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের ১২৯৬০ (বার হাজার নয়শত ষাট) বর্গফুট বা ১৮(আঠার) কাঠা জমি বিশিষ্ট ৬/এ নং প্লটের যৌথ মালিক (১) শেখ আব্দুল হাই বাচ্চু (২) শেখ শাহরিয়ার পান্না, উভয়ের পিতা-মৃত শেখ আব্দুল হামিদ ও (৩) মিসেস শিরিন আক্তার, স্বামী-শেখ আব্দুল হাই বাচ্চু। উক্ত প্লটে ০১ তলা বাড়ী নির্মাণাধীন রয়েছে। শেখ শাহরিয়ার পান্না, পিতা-মৃত শেখ আব্দুল হামিদ এর অংশের ০৬(ছয়) কাঠা ভূমিসহ (অবিভক্ত/অচিহ্নিত) নির্মাণাধীন বাড়ীর অংশটুকু তাঁর আপন ভাতিজা শেখ সাবিদ হাই অনিক, পিতা-শেখ আব্দুল হাই বাচ্চু এর নামে ০৭ আগষ্ট ২০১৭ তারিখে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত কার্যবৃত্ত পত্রের মাধ্যমে হেবা/দান করার অনুমতি প্রদান করা হয়। পরবর্তীতে শেখ শাহরিয়ার পান্না, পিতা-মৃত শেখ আব্দুল হামিদ ক্যান্টনমেন্ট বোর্ডের ০৭ আগস্ট, ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৬/এ/৮২ নং পত্রের মাধ্যমে হেবা/দান করার অনুমতিপত্রটি বাতিল করে তাঁর মালিকানার অংশটুকু আপন ভাই শেখ-আব্দুল হাই বাচ্চু, পিতা- মৃত শেখ আব্দুল হামিদ এর নামে হেবা/দান করার অনুমতি চেয়ে ১৩ আগষ্ট ২০১৭ তারিখে অত্র দপ্তরে পুনরায় আবেদন করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর যৌথ মালিক জনাব শেখ শাহরিয়ার পান্না, পিতা-মৃত শেখ আব্দুল হামিদ এর অংশ (অবিভক্ত/অচিহ্নিত) (৬ কাঠা) তাঁর সহোদর ভাই শেখ আব্দুল হাই বাচ্চু, পিতা- মৃত শেখ আব্দুল হামিদ-কে রেজিস্ট্রিকৃত দলিলমূলে হেবা/দান করার অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং একই সংগে ইতোপূর্বে ক্যান্টনমেন্ট বোর্ডের ০৭ আগস্ট, ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৬/এ/৮২ নং পত্রের মাধ্যমে তাঁর আপন ভাতিজা শেখ সাবিদ হাই অনিক, পিতা-শেখ আব্দুল হাই বাচ্চু-কে হেবা/দান করার অনুমতিপত্রটি বাতিল করা হলো।

আলোচ্য বিষয়-৮: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট জমি বিশিষ্ট ৩০(ত্রিশ) বছর মেয়াদী সাবেক-৪, হালে-৮৯ এবং সাবেক-৯, হালে-৯৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী ০২টি হেবা/অছিয়তনামা মূলে নামজারী বাতিলের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : <u>(ক) প্লট নং-৮৯ হালে, সাবেক-৪</u>

ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৯ (সাবেক-০৪) নং প্লটটি প্রকাশ্য নিলামে ২৯,০০০/-(উনত্রিশ হাজার) টাকা প্রিমিয়ামে জনাব হাজী সৈয়দ আলী খান, পিতা-হাজী সুরত আলী খান এর নামে ০১/৪/১৯৭৮ তারিখ হতে ৩০(ত্রিশ) বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়। ইজারা গ্রহিতা মৃত্যুবরণ করায় পরবর্তীতে ৩১/৮/১৯৮২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৯ নং সিদ্ধান্তে জনাব মোঃ কাইয়ুম খান, পিতা- হাজী সৈয়দ আলী খান এর নামে নামজারী করা হয়। উক্ত প্লটটির ইজারার মেয়াদ ৩১ মার্চ, ২০০৮ তারিখে উত্তীর্ণ হয়েছে। প্লটের রেকর্ডীয় মালিক মোঃ কাইয়ুম খান ৮/২/২০০৮ তারিখে মৃত্যুবরন করায় তাঁর স্ত্রী মিসেস মাজেদা পারভীন ৩০/১১/২০১৪ তারিখের আবেদনের নোটারীকৃত এফিডেভিট বা ঘোষণাপত্রমূলে মোঃ কাইয়ুম খান জীবদ্দশায় তাদের নামে হেবা/দান করেছেন উল্লেখ করে হলফনামা দাখিল করে উক্ত প্লট ও প্লটে নির্মিত ৫(পাঁচ) তলা বাড়ীটি (১) মিসেস মাজেদা পারভীন, স্বামী-মরহুম মোঃ কাইয়ুম খান (২) সুমায়রা কাইয়ুম (তামান্না), (৩) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৪) নাফিজা কাইয়ুম (রিভানা) সর্বপিতা- মরহুম মোঃ কাইয়ুম খান এর নামে নামজারীসহ পরবর্তী ৩০(ত্রিশ) বছরের ইজারা মেয়াদ নবায়নের জন্য অনুরোধ করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে বিষয়টি অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ ০৩ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১০ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নামজারীর আবেদন অনুমোদনসহ উক্ত প্লটটি ৩০(ত্রিশ) বছর মেয়াদে নবায়নের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত প্রদান করে। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ০৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৯৪/১৯৫ নং পত্রে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৩ নভেম্বর ২০১৬ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/ ৫০১/ শা-৩/৩৭ নং পত্রের সাথে প্রাপ্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা এর ৩০ অক্টোবর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৪১.৬২.১৬.২৯৮ নং পত্রের নির্দেশনা অনুযায়ী বিষয়টি ০২ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড উক্ত প্লট ও প্লটে নির্মিত ০৫(পাঁচ) তলা বাড়ীটি হেবা/অছিয়তনামামূলে (১) মিসেস মাজেদা পারভীন, স্বামী-মরহুম মোঃ কাইয়ুম খান, (২) সুমায়রা কাইয়ুম (তামান্না), (৩) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৪) নাফিজা কাইয়ুম (রিভানা), সর্বপিতা-মরহুম মোঃ কাইয়ুম খান এর নামে নামজারী করে ইজারা নবায়নের স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত প্রদান করে। তৎপ্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯ মার্চ ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৮৯/২২১ নং পত্রে উল্লেখিত ব্যক্তিগণের নামে নামজারী করা হয়।

(খ) প্লট নং-৯৪ হালে, সাবেক-৯

ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯৪ (সাবেক-০৯) নং প্লটটি প্রকাশ্য নিলামে ৩৪,০০০/-(চৌত্রিশ হাজার) টাকা প্রিমিয়ামে জনাব মোঃ কাইয়ুম খান, পিতা-হাজী সৈয়দ আলী খান এর নামে ০১/৪/১৯৭৮ তারিখ হতে ৩০(ত্রিশ) বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়। উক্ত প্লটটির ইজারা মেয়াদ ৩১ মার্চ, ২০০৮ তারিখে উত্তীর্ণ হয়েছে। প্লটের রেকর্ডীয় মালিক মোঃ কাইয়ুম খান, পিতা-হাজী সৈয়দ আলী খান ৮/২/২০০৮ তারিখে মৃত্যুবরন করায় তাঁর স্ত্রী মিসেস মাজেদা পারভীন ৩০/১১/২০১৪ তারিখের আবেদনের নোটারীকৃত এফিডেভিট বা ঘোষণাপত্রমূলে মোঃ কাইয়ুম খান জীবদ্দশায় তাদের নামে হেবা/দান করেছেন উল্লেখ করে হলফনামা দাখিল করে উক্ত প্লট ও প্লটে নির্মিত ৫(পাঁচ) তলা বাড়ীটি (১) মিসেস মাজেদা পারভীন, স্বামী-মরহুম মোঃ কাইয়ুম খান (২) সুমায়রা কাইয়ুম (তামান্না), (৩) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৪) নাফিজা কাইয়ুম (রিভানা), সর্বপিতা- মরহুম মোঃ কাইয়ুম খান এর নামে নামজারীসহ পরবর্তী ৩০(ত্রিশ) বছরের ইজারা মেয়াদ নবায়নের জন্য অনুরোধ করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে বিষয়টি অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ ০৩ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১০ এর মাধ্যমে উপস্থাপন করা হলে নামজারীর আবেদন অনুমোদনসহ উক্ত প্লটটি ৩০(ত্রিশ) বছর মেয়াদে নবায়নের অনুমোদন করাসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ০৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৯৪/১৫১ নং পত্রে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৩ নভেম্বর ২০১৬ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৫০১/ শা-৩/৩৭ নং পত্রের সাথে প্রাপ্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা এর ৩০ অক্টোবর ২০১৬ তারিখের ২৩.০০.০০০০.০৯০.৪১.৬২.১৬.২৯৮ নং পত্রের নির্দেশনা অনুযায়ী বিষয়টি ০২ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে উক্ত প্লট ও প্লটে নির্মিত ০৫(পাঁচ) তলা বাড়ীটি হেবা/অছিয়তনামামূলে (১) মিসেস মাজেদা পারভীন,স্বামী-মরহুম মোঃ কাইয়ুম খান, (২) সুমায়রা কাইয়ুম (তামান্না), (৩) ফারিজা কাইয়ুম (ইভানা) ও (৪) নাফিজা কাইয়ুম (রিভানা), সর্বপিতা-মরহুম মোঃ কাইয়ুম খান এর নামে নামজারী করে ইজারা নবায়নের স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯ মার্চ ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৯৪/১৭০ নং পত্রে উল্লেখিত ব্যক্তিগণের নামে নামজারী করা হয়।

বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ৩০ বছর মেয়াদী ইজারার ক্ষেত্রে নামজারীর বিধান নেই। এক্ষেত্রে ইতোমধ্যে ইজারা গ্রহীতা ব্যতীত অন্যান্য যাদের নামে নামজারী করা হয়েছে তা বাতিল করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯০০ বর্গফুট জমি বিশিষ্ট ৩০(ত্রিশ) বছর মেয়াদী সাবেক-৪, হালে-৮৯ নং এবং সাবেক-৯, হালে-৯৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী নামজারী সংক্রান্ত ০২ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৬ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত এতদ্বারা বাতিল করা হলো এবং এ সংক্রান্ত ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯ মার্চ ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৮৯/২২১ নং পত্র এবং ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৯৪/১৭০ নং পত্রের মাধ্যমে নামজারী সংক্রান্ত গৃহীত কার্যক্রম বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৯: জেন ডেভলোপমেন্ট লিমিটেড ডেভেলপার কোম্পানীর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা : ব্রিগেঃ জেনাঃ (অবঃ) বদরুল মিল্লাত ভূইয়া, ব্যবস্থাপনা পরিচালক, জেন ডেভেলপমেন্টস লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ৮১০ নং প্লটে বাড়ী নির্মাণ করার জন্য ডেভেলপার নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) বাবদ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করেছেন। সংশ্লিষ্ট প্লটে বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন করে বাড়ীর মালিককে বুঝিয়ে দিয়েছেন মর্মে ছাড়পত্রসহ জামানত বাবদ জমাকৃত ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ফেরত চেয়ে ২০ জুন,২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটির বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের ০৬ জুলাই, ২০১৭ তারিখের ঢাক্যাবো/ডেঃভোঃ/জেন ডেঃলিঃ/৪৯ নং পত্রে উক্ত প্রতিষ্ঠানের ব্যাপারে প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/আপত্তি আছে কিনা তা অবহিত করার জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। এপ্রেক্ষিতে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, ঢাকা সেনানিবাস ২৪ জুলাই ২০১৭ তারিখের বিডি/এলসি/২২২/০৮/ ৮১০/১৫ নং পত্রে বর্ণিত বিষয়ে কোন অভিযোগ/আপত্তির তথ্য নেই মর্মে জানানো হয়েছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ডেভেলপার কোম্পানীর জেন ডেভলোপমেন্ট লিমিটেড কর্তৃক নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১০: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর প্লট মালিকদের অংশের ০৭(সাত)টি ফ্ল্যাট আপোষবন্টনামা দলিলমূলে নামজারী প্রসংগে।

আলোচনা : গত ০২ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৩ এর সিদ্ধান্তের আলোকে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৬ নং প্লটে নির্মিত বাড়ীর মালিকের অংশের ০৭ টি ফ্ল্যাট ০১(এক) ভাই ও ০৫(পাঁচ) বোনের মধ্যে আপোষ বন্টননামা দলিল রেজিষ্ট্রিশনের অনুমতি প্রদান করা হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৩৬/২২৮ নং পত্রে আপোষ বন্টননামা দলিল রেজিষ্ট্রিশনের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে আবেদনকারীগণ রেজিস্ট্রিকৃত দলিলমূলে আপোষ বন্টননামা সম্পাদন করে স্ব স্ব নামে নামজারীর জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর প্লট মালিকদের অংশের ০৭(সাত)টি ফ্ল্যাট রেজিস্ট্রিকৃত আপোষবন্টনামা দলিলমূলে নিম্নবর্ণিতভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রঃ নং | নাম | ফ্ল্যাট নং | ফ্ল্যাটের আয়তন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের | ৭ম তলার উত্তর পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং-৭/এ | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০২ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| | | ৭ম তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং- ৭/বি | ২০৫০ বর্গফুট | |
| ২। | বাদরুন ইসরাৎ | ৩য় তলার উত্তর পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং- ৩/এ | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৩। | তাবাস্সুম রিফাৎ | ২য় তলার উত্তর পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং-২/এ | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৪। | বুশরা রুবাইয়াৎ | ৫ম তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং- ৫/বি | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৫। | সুমাইয়া বিনতে জামান | ৩য় তলার দক্ষিণ পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং-৩/বি | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৬। | তাসনুভা আমরীন জামান সর্বপিতা-মরহুম এস বি জামান | ৫ম তলার উত্তর পশ্চিম পার্শ্বের ফ্ল্যাট নং-৫/এ | ২০৫০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে |

আলোচ্য বিষয়-১১: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ২০১৭-২০১৮ আর্থিক সালের ০৬ মাসের জন্য নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের নিমিত্ত ১৭,০৪,৫৫৫/- (সতের লক্ষ চার হাজার পাঁচশত পঞ্চান্ন) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবেঃ-

| ক্রমিক নং | মালামালের বিবরণ | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ও.টি মালামাল | ৪,৬৭,৫৭৫/- | |
| ২. | পরিষ্কার-পরিচ্ছন্নতা সামগ্রী | ২,৯৩,৪০০/- | |
| ৩. | ইলেক্ট্রিক ও স্যানিটারী মালামাল | ২,৫১,৮০০/- | |
| ৪. | ল্যাবরেটরী মালামাল | ৪,৪৬,২৬৫/- | |
| ৫. | স্টেশনারী ও অফিস ব্যবহার্য সামগ্রী | ২,৪৫,৫১৫/- | |
| | মোট = | ১৭,০৪,৫৫৫/- | |

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ০৩/৭/২০১৭ ও ১৬/৭/২০১৭ তারিখের পত্রের মাধ্যমে ও.টি মালামাল, পরিষ্কার-পরিচ্ছন্নতা সামগ্রী, ইলেক্ট্রিক ও স্যানিটারী মালামাল, ল্যাবরেটরী মালামাল, স্টেশনারী ও অফিস ব্যবহার্য সামগ্রী সরবরাহের জন্য চাহিদাপত্র ও ১৭,০৪,৫৫৫/- (সতের লক্ষ চার হাজার পাঁচশত পঞ্চান্ন) টাকার মূল্যানুমান প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ও.টি মালামাল, পরিষ্কার-পরিচ্ছন্নতা সামগ্রী, ইলেক্ট্রিক ও স্যানিটারী মালামাল, ল্যাবরেটরী মালামাল, স্টেশনারী ও অফিস ব্যবহার্য সামগ্রী সরবরাহের জন্য ১৭,০৪,৫৫৫/- (সতের লক্ষ চার হাজার পাঁচশত পঞ্চান্ন) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১২: সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে সেনানিবাসের প্রধান সড়কের সোডিয়াম লাইটের নিরাপত্তা বাতি সচল রাখার জন্য ২৫০ ওয়াটের ৫০টি হাই প্রেসার সোডিয়াম বাল্ব, ১৫০ ওয়াটের ২০টি হাই প্রেসার সোডিয়াম বাল্ব ও ২৫০/১৫০ ওয়াটের ৭৬টিচ হাই প্রেসার সোডিয়াম ইগনেটর ক্রয়ের নিমিত্ত ৩,৬৮,২০০/- (তিন লক্ষ আটষট্টি হাজার দুইশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে সেনানিবাসের প্রধান সড়কের সোডিয়াম লাইটের নিরাপত্তা বাতি সচল রাখার জন্য ২৫০ ওয়াটের ৫০টি হাই প্রেসার সোডিয়াম বাল্ব, ১৫০ ওয়াটের ২০টি হাই প্রেসার সোডিয়াম বাল্ব ও ২৫০/১৫০ ওয়াটের ৭৬টিচ হাই প্রেসার সোডিয়াম ইগনেটর ক্রয়ের নিমিত্ত ৩,৬৮,২০০/- (তিন লক্ষ আটষট্টি হাজার দুইশত) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে সেনানিবাসের প্রধান সড়কের সোডিয়াম লাইটের নিরাপত্তা বাতি সচল রাখার জন্য ২৫০ ওয়াটের ৫০টি হাই প্রেসার সোডিয়াম বাল্ব, ১৫০ ওয়াটের ২০টি হাই প্রেসার সোডিয়াম বাল্ব ও ২৫০/১৫০ ওয়াটের ৭৬টিচ হাই প্রেসার সোডিয়াম ইগনেটর ক্রয়ের নিমিত্ত ৩,৬৮,২০০/- (তিন লক্ষ আটষট্টি হাজার দুইশত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১৩: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রঃ নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | মিসেস রাহেলা আনাম | বি/১৭৯ | মহাখালী ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন নির্মাণ (পুরাতন দোতলা ভবন ভেঙ্গে) |
| ২. | (ক) মেজর (অবঃ) শের মোহাম্মদ খান<br>(খ) মেজর (অবঃ) জাফর উল্লাহ খান | ১৭৫/এ | বারিধারা ডিওএইচএস | ৩১/৭/১৭ | সংশোধিত ০৭ তলা ভবন (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৩. | জনাব মোঃ আব্দুল মান্নান | সিবি-৯১/১ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | নতুন ০৬(ছয়) তলা ভবন নির্মাণ |
| ৪. | জনাব মোঃ মোতাহার হোসেন গং | সিবি-৯৭ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণ |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও কচুক্ষেত এলাকার ০৪ টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত : ১৩.১। সভায় বিস্তারিত আলোচনা শেষে Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য এলাকার ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১৩ এর ক্রমিক নং-১, ৩ ও ৪ এর ০৩টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৩.২। ক্রমিক নং-২ এ উল্লেখিত ০১টি প্লটের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্য বিষয়-১৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে শহীদ সরনিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরনির উভয় পার্শ্বের নিরাপত্তা বাতির পোল (ব্রাকেট ও সেডসহ), সিগন্যাল পোল রংকরন এবং বৈদ্যুতিক সুইচ বোর্ড পেইন্টিংকরন কাজ। | ১,১৫,২৮৮/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ২. | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে শহীদ সরনিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ সংলগ্ন চৌরাস্তা হতে সিগন্যাল গেইট হয়ে বালুঘাট গোল চত্বর এবং সিগন্যাল গেইট হতে আইএসএসবি(রাস্তার উভয় পার্শ্ব) হয়ে জিয়াকলোনী এমপি চেকপোষ্ট পর্যন্ত নিরাপত্তা বাতির পোল (ব্রাকেট ও সেডসহ) এবং ট্রাফিক সিগন্যাল পোল পেইন্টিংকরন কাজ। | ১,৫১,৩৫৮/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ৩. | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত সাইন বোর্ড, আর্মি এভিয়েশন হতে জাহাঙ্গীর গেইট আইল্যান্ড, ফুলের চারী, বিউটি স্পট, বাসস্ট্যান্ড, গ্রীল, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,৩০,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ৪. | ১৩ এমপি ইউনিট হতে স্বাধীনতা সরনির চৌরাস্তা পর্যন্ত সাইন বোর্ড, পার্ক, হাজী মহসিনের উভয় পার্শ্বে বাসস্ট্যান্ড, বিউটি স্পট, জি আই পাইপের রেলিং/গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৭২,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ৫. | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত, ডিভাইডার, এয়ার হাউজের নিকটস্থ বিউটি স্পট, পাইপের রেলিং, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,৫৩,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ৬. | ক্যান্ট বোর্ড অফিস হতে এসকেএমসিবিজিএইচ পর্যন্ত গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, ক্যান্ট বোর্ড জামে মসজিদের সম্মুখের গম্বুজ, মিনার ও বাহির পার্শ্ব এবং ওয়াটার ট্যাংক, বাগানের গ্রীল ইত্যাদি মেরামতসহ রং করণ কাজ। | ১,৪৭,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ৭. | এসকেএমসিবিজিএইচ হতে সেনাকুঞ্জ ইন গেইট পর্যন্ত সাইন বোর্ড, ডিভাইডার, রেলিং, গ্যারিসন বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল মেরামতসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,৩৩,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ৮. | সেনাকুঞ্জ ইন গেইট হতে ষ্টাফ রোড পর্যন্ত আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, বিউটি স্পট, ট্রাফিক আইল্যান্ড ও ছাতা মেরামত, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৬৫,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ৯. | ষ্টাফ রোড হতে সিএমএইচ এবং পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ট্যাংক, কামান, ফুলের চারী, বিউটি স্পট, গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ১,৩৩,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১০. | সিএমএইচ হতে সিগন্যাল পর্যন্ত সাইন বোর্ড, পুরাতন এয়ার হেড কোয়ার্টার বাসষ্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল মেরামতসহ চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৫৭,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১১. | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের, ডিভাইডার, সাইন বোর্ড, গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোষ্ট ও গাড়ী পার্কিং, বাজারের দক্ষিণ পার্শ্বের গলি, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রং এর কাজ ও সাইন বোর্ড লিখার কাজ। | ১,৮৯,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১২. | শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত (পশ্চিম পার্শ্ব) ফুটপাতের ফ্লোর টাইলস ও ওয়াল টাইলস হাইজোনিক ওয়াসকরণ কাজ। | ১,০০,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১৩. | শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত (পূর্ব পার্শ্ব) ফুটপাতের ফ্লোর টাইলস ও ওয়াল টাইলস হাইজোনিক ওয়াসকরণ কাজ। | ১,০০,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট হতে রজনীগন্ধা এমপি চেকপোষ্ট পর্যন্ত (উভয় পার্শ্ব) ফুটপাতের ফ্লোর টাইলস ও ওয়াল টাইলস হাইজোনিক ওয়াসকরণ কাজ। | ৭৮,৯৮৪/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১৫. | ঢাকা সেনানিবাসের শহীদ সরণিতে ০৪টি এবং স্বাধীনতা সরণিতে ০১টি ফুটওভার ব্রিজ রংকরণ কাজ। | ১,৫০,৫০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১৬. | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে বিদ্যমান রাস্তার মাঝখানে এবং দুই পার্শ্বে প্লাষ্টিক রোড ডিভাইডার ধৌত ও পরিস্কার, আরসিসি রোড ডিভাইডার মেরামত ও রংকরণ। | ৭৩,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১৭. | ক্যান্ট বোর্ড অফিসের বাউন্ডারী ওয়াল, আইল্যান্ড, গেইট উত্তর,পশ্চিম, দক্ষিণ সাইড ওয়েদারকোটকরণ। | ৬৪,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১৮. | শহীদ সরণি/স্বাধীনতা সরণি, শহীদ বাশার রোড ও অন্যান্য রাস্তায় রোড মার্কি পেইন্ট দ্বারা মার্কিংকরণ। | ১০,০৫,৮৪১/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (প্রকল্প) | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ১৯. | শহীদ সরণির বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট হতে পোষ্ট অফিস পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃস্থাপন (পয়েন্টিংসহ)। | ৯৬,১৪৬/- | বোর্ডের স্থানীয় আয় | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ২০. | শহীদ সরণির পোষ্ট অফিস হতে সিগন্যাল গেইট পর্যন্ত উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃস্থাপন (পয়েন্টিংসহ)। | ১,০৩,০৫৩/- | বোর্ডের স্থানীয় আয় | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ২১. | সিগন্যাল গেইট হতে আইএসএসবি পর্যন্ত এবং শহীদ বাশার রোডের সমুন্নত স্বাধীনতা গেইটের ফুটপাত ও আইল্যান্ড এর ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃস্থাপন (পয়েন্টিংসহ)। | ১,৯৯,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ২২. | স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট হতে রজনীগন্ধা এমপি চেকপোষ্ট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃ স্থাপন (পয়েন্টিংসহ)। | ১,৪১,৫০৪/- | বোর্ডের স্থানীয় আয় | সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে |
| ২৩. | আর্মি এমপি ইউনিটের জন্য ৪০টি ডিজিটাল রোটারী লাইট সরবরাহকরণ। | ১,৬০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | আর্মি এমপি ইউনিটের ০৭ আগস্ট ২০১৭ তারিখের পত্র। |
| ২৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ২৫/২ (২য় তলা পশ্চিম পার্শ্ব) মেরামত ও রংকরণ। | ৯৫,৫৪৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | সংশ্লিষ্ট বাসায় বসবাসকারীর ২০/৩/২০১৭ তারিখের আবেদনপত্র। |
| ২৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ২৬/ডি-১০ মেরামত ও রংকরণ। | ৮৪,৫১২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | সংশ্লিষ্ট বাসায় বসবাসকারীর ৩০/৩/২০১৭ তারিখের আবেদনপত্র। |
| ২৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৯৭ নিচতলা সংস্কার/মেরামত ও রংকরণ কাজ। | ৬২,৯৯২/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | সংশ্লিষ্ট বাসায় বসবাসকারীর ১৯/৬/২০১৭ তারিখের আবেদনপত্র। |
| ২৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ড্রেন নির্মাণ, কার পার্কিং ও সৌন্দর্য বর্ধন কাজ। | ১৮,৫৪,৩০৫/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ২৮. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতাল (পুরাতন ভবন) সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের ০৮টি স্টাফ কোয়ার্টারের পানির সমস্যা দূরীকরণের জন্য পানির লাইন মেরামত ও ওয়াস করণ কাজ। | ৫১,৮৫৮/- | পানির লাইনের মেরামত খাত | সংশ্লিষ্ট স্টাফ কোয়ার্টারে বসবাসকারীদের ০৮/৮/২০১৭ তারিখের আবেদনপত্র। |
| ২৯. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নতুন ও পুরাতন ভবনের স্প্লিট টাইপ এসি কমপ্রেসার পরিবর্তন, গ্যাস চার্জ, সার্ভিসিং এবং ড্রপআইট ফিউজ পরিবর্তন কাজ। | ১,৯২,৯২৮/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | পরিচালক, প্রশাসন এর ০৬ ও ২৬ জুলাই ২০১৭ তারিখের আবেদনপত্র। |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনা শেষে আলোচ্য বিষয়-১৪ এর ২৯টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ২৪, ২৫, ২৮ ও ২৯ এ বর্ণিত ২১ (একুশ)টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩ ও ২৭ এ বর্ণিত ০৮(আট)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। ক্রমিক নং-২৭ এ বর্ণিত প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে।

আলোচ্যবিষয়-১৪(খ): সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে শহীদ সরণি ও স্বাধীনতা সরণি ও শহীদ বদিউজ্জামান রোডের ভাঙ্গা/ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত, কার্পেটিং ও সীলকোটকরণ কাজের জন্য ২৫,২৪,১৯৩/- (পঁচিশ লক্ষ চব্বিশ হাজার একশত তিরানব্বই) টাকার মূল্যানুমান ঘটনোত্তর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ বদিউজ্জামান সড়কের অধিকাংশ স্থান বর্ষার অতিবৃষ্টিতে পটহোল হয়ে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত রাস্তা দিয়ে প্রায়শ:ই দেশী বিদেশী ভিভিআইপিগণ যাতায়াত করে থাকেন বিধায় উক্ত সড়কগুলো জরুরী ভিত্তিতে মেরামত, কার্পেটিং ও সীলকোট করা প্রয়োজন। উক্ত কাজের জন্য ২৫,২৪,১৯৩/- (পঁচিশ লক্ষ চব্বিশ হাজার একশত তিরানব্বই) টাকার মূল্যানুমান প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ০৯ আগস্ট, ২০১৭ তারিখে মিনিটশীটের মাধ্যমে অনুমোদন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে শহীদ সরণি ও স্বাধীনতা সরণি ও শহীদ বদিউজ্জামান রোডের ভাঙ্গা/ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত, কার্পেটিং ও সীলকোটকরণ কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদন করার জন্য ২৫,২৪,১৯৩/- (পঁচিশ লক্ষ চব্বিশ হাজার একশত তিরানব্বই) টাকার মূল্যানুমান ঘটনোত্তর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ এবং ৮ নং রোডে স্টীলের গেইট নির্মাণ কাজ। | ১,৫৪,২২৭/- | মেসার্স এমএন্ডএম এন্টারপ্রাইজ | ১,৫৪,২২৭/- | বোর্ড তহবিল | |
| ২. | রজনীগন্ধা সুপার মার্কেটের শহীদ বদিউজ্জামান রোডের পার্শ্বে নিরাপত্তা ওয়াল নির্মাণ কাজ। | ১২,৮৪,৬৯১/- | ফ্রনটিয়ার এসোসিয়েটস্ | ১৩,৪৫,৬৩১/- | বোর্ড তহবিল | |
| ৩. | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-২৮ হতে পিলার নং-২৯ পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৪৪,২২,৯০৩/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৪৫,৯৯,৮১৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |
| ৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৫ নং রোডের পূর্বাংশ উঁচুকরণসহ বিটুমিনাস কার্পেটিং কাজ। | ১৫,০৩,১১১/- | মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স | ১৫,০৩,১১১/- | বোর্ড তহবিল | |
| ৫. | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের শহীদ মিনারের সম্মুখে স্তুপকৃত মাটি/রাবিশ অপসারণ কাজ। | ৪৫,৫৯৭/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ৪৫,৫৯৭/- | বিদ্যালয় তহবিল | |
| ৬. | বনানী এমপি চেক পোষ্টের দক্ষিণ অংশের জলাবদ্ধতা দূরী করণের জন্য (১৮" ডায়া ১৪৫'-০" লম্বা) আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ২,৪৮,৭০০/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ২,৪৮,৭০০/- | বোর্ড তহবিল | |
| ৭. | ভাষানটেক চেকপোষ্ট হতে শহীদ সরণি সংযোগ পর্যন্ত ১১৫০'-০" লম্বা রাস্তাটির প্রস্থ ৫'-০" বর্ধিতকরণসহ এক পার্শ্বে ফুটপাত নির্মাণ। | ২৭,৮৪,২৩৭/- | মেসার্স নাজিম এন্টারপ্রাইজ | ২৭,৮৪,২৩৭/- | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮. | সেনানিবাসে ভিভিআইপি আগমন উপলক্ষ্যে শহীদ জাহাঙ্গীর গেইট হতে সেনাসদর পর্যন্ত আইল্যান্ড, ডিভাইডার, গ্রীল রংকরণ, প্লাস্টিক ডিভাইডার ধৌতকরণ, ফুটপাতে ক্ষতিগ্রস্ত পেভড টাইলস্ পুনঃস্থাপন, রোড মার্কিং ও হানিকম্ব স্টীকার স্থাপন কাজ। | ২,৯৮,৫০০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ২,৯৮,৫০০/- | বোর্ড তহবিল | |
| ৯. | শহীদ সরণিস্থ গ্যারিসন বাসস্ট্যান্ডের ইউটার্ন হতে উত্তর দিকে সেনাকুঞ্জের ইন-গেইটের ইউটার্ন পর্যন্ত কার্ভ স্টোন ডিভাইডার স্থাপন কাজ। | ১৩,০৪,২৩১/- | মেসার্স কাশেম ট্রেডার্স | ১৩,৫৬,৪০০/- | বোর্ড তহবিল | |
| ১০. | নবনির্মিত মিরপুর ৩ নং এমপি চেকপোষ্টে প্লাষ্টিক ডিভাইডার সরবরাহ ও জিয়া কলোনী স্টাফ রোডে স্টীলের ছাতা সরবরাহ কাজ। | ১,৫৫,১২২/- | এ. বি. সি. ট্রেডার্স | ১,৫৫,১২২/- | বোর্ড তহবিল | |
| ১১. | ১৩ এমপি ইউনিটের চাহিদার প্রেক্ষিতে সিএসডি'র সম্মুখ হতে পুরাতন ডিভাইডার ও জিআই পাইপের রেলিং অপসারণ করে ইউসুফ রোড, আজিজপল্লী ও আদমজী কলেজের সম্মুখে মেরামত, রংকরণসহ পুনঃস্থাপন কাজ। | ১,৫৩,৮৫২/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৫৮,৪৬৭/- | বোর্ড তহবিল | |
| ১২. | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের এভিনিউ-২ (৬০' চওড়া রাস্তা) এর বিভিন্ন স্থানে পানি জমে থাকা ও গর্ত হওয়ার কারণে রাবিশ সরবরাহ ও স্থাপন কাজ। | ৩,৩৪,১৮৯/- | কে মার্ক | ৩,৩৪,১৮৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |
| ১৩. | বনানী ডিওএইচএস এলাকার ৩ নং রোডে পটহোল মেরামতসহ কার্পেটিং (প্লান্ট মেথডে) কাজ। | ১৫,৮০,৯৫৩/- | মেসার্স সৌরভ এন্টারপ্রাইজ | ১৬,৪৮,১৪৩/৫০ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |
| ১৪. | রজনীগন্ধা সুপার মার্কেটের কসাইখানার উত্তর পার্শ্বে বড় একটি পাকা ডাষ্টবিন ও প্রবেশ পথের জন্য সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৪,৮৯,০০৮/- | ফ্রনটিয়ার এসোসিয়েটস্ | ৫,১২,৪৬৪/৪৯ | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৫. | দি ক্যান্টনমেন্ট এ্যাক্ট ১৯২৪ এর ১১০০ কপি ছাপানো এবং সরবরাহকরণ। | ৩,৯৫,০০০/- | আলী প্রেস | ৩,৯৪,৯০০/- | বোর্ড তহবিল | |
| ১৬. | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস এর অফিস ভবনে একটি টয়লেট এবং ১টি রেকর্ডরুমের বর্ধিতাংশ নির্মাণ কাজ। | ২,৪৬,৮৩০/- | মেসার্স এস এস ট্রেডার্স | ২,৪৬,৮৩০/- | অনুদান | |
| ১৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় জরুরী পানি সরবরাহের লক্ষ্যে ৭৫ হর্স পাওয়ারের একটি সাবমারসিবল পাম্প মটর সরবরাহ ও স্থাপন। | ৫,৭৫,৬৫০/- | বিল্লাল বোরিং এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৫,৭৫,৬৫০/- | পানি ও বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত। | |
| ১৮. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পুরাতন সিসি ক্যামেরা সিস্টেমের ১৬টি ক্যামেরা পরিবর্তনপূর্বক আইপি ক্যামেরা, এনবিআর ও ওয়্যারিংকরণ কাজ। | ৪,৮০,০০০/- | মেসার্স টেলিশপ | ৪,৭৭,৯৯০/- | বিদ্যুৎ শাখা, প্রশাসনিক শাখা ও রাজস্ব শাখার নৈমিত্তিক খাত | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৯. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ১৬টি সিসি ক্যামেরা, এনভিআর ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন কাজ। | ৩,৫৭,৫০০/- | মেসার্স রীমস্ ইন্টারন্যাশনাল | ৩,৫৪,৯০০/- | বোর্ড তহবিল | |
| ২০. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের আইসিইউ এর জরুরী ঔষধ সরবরাহকরণ। | ১,৮৫,১২৭/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ১,৮৫,০০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ২১. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের আইসিইউ কক্ষ রংকরণ ও সেপারেশন স্ক্রীন সরবরাহকরণ। | ৬০,০০০/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ৫৯,৯৯৮/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ২২. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালে Patient examination bed সরবরাহকরণ। | ১,২৮,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ১,২৮,০০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |

আলোচনা : আলোচ্য বিষয়-১৫ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : ১৫.১। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য বিষয়-১৫ এর ২২ (বাইশ)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১৫.২। ক্রমিক নং-৫, ১৪, ১৭, ১৮, ২০, ২১ ও ২২ এ উল্লেখিত ০৭(সাত)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৫.৩। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৫, ১৬ ও ১৯ এ উল্লেখিত ১৫(পঁনের)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৬: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর সেন্ট্রাল এসি, লিফট ও এসকেলেটর কাজের সংশ্লিষ্ট ঠিকাদারকে চলতি বিল প্রদানের নিমিত্তে ফান্ড স্থানান্তরের লক্ষ্যে প্রকল্পের বিল সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ-

| ক্র/নং | কাজের নাম | কার্যাদেশ মূল্য | চুক্তি অনুযায়ী প্রাপ্য চলতি বিল (৭০%) |
|---|---|---|---|
| (১) | সেন্ট্রাল এসি | ১২,৬৭,৬৪,০০০/- | ৭,৮৮,১৬,২৯৭/- |
| (২) | লিফট ও এসকেলেটর | ৭,২০,০০,০০০/- | ৫,০৪,০০,০০০/- |
| | | মোট চাহিদাকৃত বিলের পরিমাণ = | ১২,৯২,১৬,২৯৭/- |

এমতাবস্থায় উক্ত কাজের জন্য চুক্তিপত্রের শর্ত অনুযায়ী চলতি বিল হিসেবে ১২,৯২,১৬,২৯৭/- (বার কোটি বিরানব্বই লক্ষ ষোল হাজার দুইশত সাতানব্বই) টাকা ঠিকাদারকে প্রদানের লক্ষ্যে ফান্ড স্থানান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ারের ফান্ডে ৩,৪৫,৬৮,৮৫৪/- (তিন কোটি পঁয়তাল্লিশ লক্ষ আটষট্টি হাজার আটশত চুয়ান্ন) টাকা এবং ডেভলোপারের নিরাপত্তা জামানত বাবদ ৬,৩১,০২,৫৫০/- (ছয় কোটি একত্রিশ লক্ষ দুই হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা স্থিতি আছে। মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর সেন্ট্রাল এসি, লিফট ও এসকেলেটর কাজের সংশ্লিষ্ট ঠিকাদারকে চলতি বিল পরিশোধের নিমিত্তে রজনীগন্ধা টাওয়ারের ফান্ড হতে ৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা এবং ডেভলোপারের নিরাপত্তা জামানত হতে ৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকাসহ মোট ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকা মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স ফান্ডে স্থানান্তর করে বিল পরিশোধ করা যেতে পারে। উল্লেখ্য যে, মিরপুর ডিওএইচএম শপিং কমপ্লেক্স ফান্ডে দোকান/স্পেস বিক্রি বাবদ অর্থ আদায় সাপেক্ষে উক্ত ছয় কোটি টাকা ফেরত প্রদান করা হবে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর সেন্ট্রাল এসি এবং লিফট ও এ্যাসকালেটর সরবরাহ ও স্থাপন কাজের চুক্তিপত্রের শর্তানুযায়ী ৭০% চলতি বিলের বিপরীতে আপাততঃ দুইটি প্রতিষ্ঠানকে ০৭ (সাত) কোটি টাকা পরিশোধের জন্য রজনীগন্ধা টাওয়ারের ফান্ড হতে ০৩(তিন) কোটি টাকা এবং ডেভলোপারের নিরাপত্তা জামানত হতে ০৪(চার) কোটি টাকা মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স ফান্ডে হস্তান্তরের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, মিরপুর ডিওএইচএম শপিং কমপ্লেক্স ফান্ডে দোকান/স্পেস বিক্রি বাবদ অর্থ আদায় সাপেক্ষে উক্ত ০৭(সাত) কোটি টাকা ফেরত প্রদান করতে হবে।

আলোচ্য বিষয়-১৭: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সংলগ্ন ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-আযহা এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠের ১৮০´ - ০´´ × ১৩০´ - ০´´ জায়গায় ত্রিপল, মেট, চাদরের বিছানা, ০২(দুই)টি গেট, ইমাম সাহেবের মিম্বর তৈরীর কাজের জন্য ১,৯৯,০০০/-(এক লক্ষ নিরানব্বই হাজার) টাকার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত ব্যয় মসজিদের নৈমিত্তির খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সংলগ্ন ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-আযহা এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠের ১৮০´ - ০´´ × ১৩০´ - ০´´ জায়গায় ত্রিপল, মেট, চাদরের বিছানা, ০২(দুই)টি গেট, ইমাম সাহেবের মিম্বর তৈরীর কাজের জন্য গত ০১ আগস্ট, ২০১৭ তারিখে স্থানীয়ভাবে দরপত্র আহ্বান করা হলে গত ১৭ আগস্ট, ২০১৭ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্য মেসার্স আমিন ব্রাদার্স কর্তৃক ১,৯৯,০০০/-(এক লক্ষ নিরানব্বই হাজার) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সংলগ্ন ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-আযহা এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠে ত্রিপল, মেট, চাদরের বিছানা, ২টি গেট ও মিম্বর তৈরীর জন্য মেসার্স আমিন ব্রাদার্স কর্তৃক দাখিলকৃত ১,৯৯,০০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার) টাকার দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় মসজিদ শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: ঢাকা সেনানিবাস এলাকার ২৬টি হাইরাইজ বিল্ডিং এবং কঞ্জারভেন্সী গাড়ীতে কাজের জন্য মালামাল ক্রয়ের নিমিত্ত ১,৯০,৭৬০/- (এক লক্ষ নব্বই হাজার সাতশত ষাট) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা সেনানিবাস এলাকার ২৬টি হাইরাইজ বিল্ডিং এবং কঞ্জারভেন্সী গাড়ীতে কাজের জন্য নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের নিমিত্ত ১,৯০,৭৬০.০০ (এক লক্ষ নব্বই হাজার সাতশত ষাট) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরন | পরিমান | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ফুলের ঝাড়ু | ৬০০টি | ৯০.০০ | ৫৪০০০.০০ |
| ২. | বালতি | ২৬টি | ২৬০.০০ | ৬৭৬০.০০ |
| ৩. | পচরা বাটসহ | ৫০টি | ৩৫০.০০ | ১৭৫০০.০০ |
| ৪. | ফান্না | ৫০টি | ৪৫০.০০ | ২২৫০০.০০ |
| ৫. | শলা | ১৫ মণ | ৩৮০০.০০ | ৫৭০০০.০০ |
| ৬. | টুকরী | ১০০টি | ২২০.০০ | ২৪০০০.০০ |
| ৭. | বেলচা | ২০টি | ৪৫০.০০ | ৯০০০.০০ |
| | | | মোট= | ১,৯০,৭৬০.০০ |

উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ঢাকা সেনানিবাস এলাকার ২৬টি হাইরাইজ বিল্ডিং এবং কঞ্জারভেন্সী গাড়ীতে কাজের জন্য মালামাল ক্রয়ের নিমিত্ত ১,৯০,৭৬০/- (এক লক্ষ নব্বই হাজার সাতশত ষাট) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-১৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী গাড়ীতে কাজের জন্য মালামাল ক্রয়ের নিমিত্ত ১,২১,২০০/- (এক লক্ষ একুশ হাজার দুইশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী গাড়ীতে কাজের জন্য নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের নিমিত্ত ১,২১,২০০/- (এক লক্ষ একুশ হাজার দুইশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরন | পরিমান | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | টুকরী | ৩০০টি | ২৪০.০০ | ৬৬০০.০০ |
| ২. | শলা | ৫০০ কেজি | ৯৫.০০ | ৪৭৫০০.০০ |
| ৩. | বেলচা | ৪৮টি | ৪৫০.০০ | ২১৬০০.০০ |
| ৪. | ছোট টুকরী | ৫০টি | ১৬০.০০ | ৮০০০.০০ |
| ৫. | কাটা | ৫০টি | ৭৫০.০০ | ৩৭৫০০.০০ |
| | | | মোট= | ১,২১,২০০.০০ |

উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী গাড়ীতে কাজের জন্য মালামাল ক্রয়ের নিমিত্ত ১,২১,২০০/- (এক লক্ষ একুশ হাজার দুইশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার ট্রাকের জন্য ১০টি টায়ার ক্রয়ের নিমিত্তে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার ০৫টি ট্রাক ময়লা-আবর্জনা অপসারণ কাজে নিয়োজিত আছে। উক্ত ট্রাকগুলোর জন্য জরুরী ভিত্তিতে ১০টি টায়ার ক্রয় করা প্রয়োজন। ১০টি টায়ার ক্রয়ের জন্য আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার ট্রাকের জন্য ১০টি টায়ার ক্রয়ের নিমিত্তে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি কঞ্জারভেন্সী শাখার ০২(দুই)টি ট্রাকের জন্য ১০টি টায়ার ক্রয়ের নিমিত্তে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি কঞ্জারভেন্সী শাখার ০৬টি ট্রাক ময়লা-আবর্জনা অপসারণ কাজে নিয়োজিত আছে। এদের মধ্যে ০২টি ট্রাকের জন্য জরুরী ভিত্তিতে ১০টি টায়ার ক্রয় করা প্রয়োজন। ১০টি টায়ার ক্রয়ের জন্য আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি কঞ্জারভেন্সী শাখার ০২টি ট্রাকের জন্য ১০টি টায়ার ক্রয়ের নিমিত্তে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২২: ইলেকট্রিক লাইনম্যান এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টার রোলে লোক নিয়োগ প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে সিনিয়র ইলেকট্রিক লাইনম্যান এর ০৩টি এবং ইলেকট্রিক লাইনম্যান এর ০৫টিসহ মোট ০৮টি পদ দীর্ঘ দিন যাবত শূন্য রয়েছে। প্রয়োজনীয় লোকবলের অভাবে বিদ্যুতের দৈনন্দিন কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। সংশ্লিষ্ট সিনিয়র ইলেকট্রিক লাইনম্যান/লাইনম্যানগণ লোকবলের জন্য আবেদন করেছেন। এছাড়া আসন্ন সশস্ত্র বাহিনী দিবস ২০১৭ উপলক্ষে সেনানিবাসের সকল নিরাপত্তা বাতি সচল রাখার জন্য জরুরী ভিত্তিতে শূন্য পদে লোক নিয়োগ করা প্রয়োজন। ইলেকট্রিক লাইনম্যান এর শূন্য পদের বিপরীতে স্থায়ীভাবে লোক নিয়োগের পূর্ব পর্যন্ত জনাব মোঃ হেলাল, পিতা-মোঃ আলম, মাতা-মোছাঃ হেলেনা বেগম, গ্রাম-প্রধানের চর, পোঃ-গজারিয়া, উপজেলা-গজারিয়া, জেলা-মুন্সীগঞ্জ নিয়োগ প্রদানের জন্য আবেদন করেছেন। এমতাবস্থায় দৈনন্দিন অত্যাবশ্যকীয় কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভাবে মাসিক সর্বসাকুল্যে ১০,০০০/- (দশ হাজার) টাকা বেতনে জনাব মোঃ হেলাল, পিতা-মোঃ আলম-কে মাস্টার রোলে নিয়োগ দেয়া যেতে পারে। উল্লেখ্য যে উক্ত কর্মচারীর বেতন বিদ্যুৎ শাখার বেতন খাত (ঙ-২-ক) হতে সংকুলান করা হবে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জরুরী বিদ্যুৎ সরবরাহ কাজের জন্য ইলেক্ট্রিক লাইনম্যান এর শূন্য পদে নিয়মিত নিয়োগ না হওয়া পর্যন্ত মাসিক সর্বসাকুল্যে ১০,০০০/- (দশ হাজার) টাকা বেতনে জনাব মোঃ হেলাল, পিতা- মোঃ আলম-কে ২১ আগস্ট, ২০১৭ তারিখ হতে সম্পূর্ণ অস্থায়ীভাবে মাস্টাররোলে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৩: রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন নির্মাণাধীন মার্কেটের নিচতলা-১ নং দোকান বিক্রয়/হস্তান্তরের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন নির্মাণাধীন মার্কেটের দোকানসমূহ ইজারা প্রদানের জন্য ৩০ মে, ২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে ৬৭৬.৭৩ বর্গফুট বিশিষ্ট নীচতলা ০১ নং দোকানটির জন্য জনাব মোঃ শফি উদ্দিন, পিতা-মৃত মোঃ কামাল উদ্দিন কর্তৃক প্রদত্ত ১,৫৪,২২,৬৭৬.৭০ (এক কোটি চুয়ান্ন লক্ষ বাইশ হাজার ছয়শত ছিয়াত্তর টাকা সত্তর পয়সা) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত সালামীর টাকা পরিশোধ করার জন্য পত্র প্রদান করা হলে তিনি ১৭/৮/২০১৭ তারিখে সালামী বাবদ আংশিক ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা অত্র দপ্তরে জমা করেন। উল্লেখ্য যে, দরপত্রের সাথে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পূর্বে জমাসহ মোট ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকা জমা করেন। সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ শফি উদ্দিন, পিতা-মৃত মোঃ কামাল উদ্দিন আর্থিক সংকটের কারণে উক্ত দোকানটি রাবেয়া আক্তার সাথী, পিতা-মোঃ আব্দুর রাজ্জাক, ডিএনসিসি ১৮৮, ২য় তলা, পূর্ব কাফরুল, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ১৬ আগস্ট ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এমতাবস্থায় রজনীগন্ধা সুপার মার্কেটের থাই গার্ডেন সংলগ্ন নির্মাণাধীন মার্কেটের ৬৭৬.৭৩ বর্গফুট বিশিষ্ট নীচতলা ০১ নং দোকানটি রাবেয়া আক্তার সাথী, পিতা-মোঃ আব্দুর রাজ্জাক, এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন নির্মাণাধীন মার্কেটের নিচতলা-১ নং দোকানটি ইজারার ৯ নম্বর শর্তানুযায়ী ইজারা মূল্যের ৫০% অর্থাৎ ৭২,১১,৩৩৮/৭০ (বাহাত্তর লক্ষ এগার হাজার তিনশত আটত্রিশ টাকা সত্তর পয়সা) জমা সাপেক্ষে মিসেস রাবেয়া আক্তার সাথী, পিতা-মোঃ আব্দুর রাজ্জাক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানকে প্রথম শ্রেণীর ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে তালিকাভূক্তির নিমিত্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| *ক্রঃ নং* | *ফার্মের নাম* | *ঠিকানা* | *আবেদনের তারিখ* | *দাখিলকৃত কাগজাদি* |
|---|---|---|---|---|
| ১. | মেসার্স ফেয়ার বিল্ডার্স লিঃ প্রোঃ এস. এম. জাহিদুর রহমান | ৮৩/বি, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, মৌচাক টাওয়ার (১০ম তলা), ঢাকা-১২১৭। | ০৭/০৬/১৭ | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। অভিজ্ঞতা-০৫ বছর। |

আলোচনা : মেসার্স ফেয়ার বিল্ডার্স লিঃ, প্রোঃ এস. এম. জাহিদুর রহমান, ৮৩/বি, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, মৌচাক টাওয়ার (১০ম তলা), ঢাকা-১২১৭ গত ০৭/০৬/২০১৭ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করেছেন। এদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনান্তে মেসার্স ফেয়ার বিল্ডার্স লিঃ, প্রোঃ এস. এম. জাহিদুর রহমান, ৮৩/বি, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, মৌচাক টাওয়ার (১০ম তলা), ঢাকা-১২১৭-কে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৫: জুলাই, ২০১৭ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জুলাই, ২০১৭ মাসে বিভিন্ন খাতে ২,২০,৯৯,৬৯০/- (দুই কোটি বিশ লক্ষ নিরানব্বই হাজারা ছয়শত নব্বই) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৫,৪৫,৭০,০০০/- (পঁনের কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকার বিপরীতে জুলাই, ২০১৭ তারিখ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ২,২৪,২৬,০৯২/- (দুই কোটি চব্বিশ লক্ষ ছাব্বিশ হাজার বিরানব্বই) টাকা।

সিদ্ধান্ত : রাজস্ব আদায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ এবং ভবিষ্যতে বকেয়া করের আদায়ের হারসহ প্রতিবেদন উপস্থাপনের পরামর্শ প্রদান করা হলো।

আলোচ্য বিষয়-২৬: জুলাই, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা : জুলাই, ২০১৭ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ৪,৩৫,৪৭,২৭৩/- (চার কোটি পঁয়ত্রিশ লক্ষ সাতচল্লিশ হাজার দুইশত তিয়াত্তর) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ জুলাই, ২০১৭ মাসে সর্বমোট আয় ৫,৩৫,৯৭,৪৫৪/- (পাঁচ কোটি পঁয়ত্রিশ লক্ষ সাতানব্বই হাজার চারশত চুয়ান্ন) টাকা। অপরদিকে জুলাই, ২০১৭ মাসে সর্বমোট ব্যয় ৫,১৫,০৩,৪৫৮/- (পাঁচ কোটি পঁনের লক্ষ তিন হাজার চারশত আটান্ন) টাকা, সমাপনী জের ২৭,৩৩,৯৫৫/- (সাতাশ লক্ষ তেত্রিশ হাজার নয়শত পঞ্চান্ন) টাকা।

সিদ্ধান্ত : জুলাই ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৭: জুলাই, ২০১৭ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

আলোচনা : স্টেশন হেলথ্ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। তবে বিভিন্ন ইউনিট/সংস্থায় নিজস্ব তত্ত্বাবধানে এন্টিম্যালেরিয়া কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হয়েছে। আসন্ন বর্ষা মৌশুমে মশা-মাছি ও কীট পতঙ্গের উপদ্রব নিয়ন্ত্রণে রাখার জন্য সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে কীট নাশক ঔষধ সংগ্রহের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

বর্ষা মৌশুমে সেনানিবাসে স্বাস্থ্য সম্মত পরিবেশ বজায় রাখাসহ মশা-মাছি ও কীট পতঙ্গের উপদ্রব নিয়ন্ত্রণের রাখার জন্য সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের যাতে কোন প্রাদুর্ভাব না ঘটে তা নিশ্চিত করতে হবে।

আলোচ্য বিষয়-২৮: জুলাই, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।

আলোচনা : জুন, ২০১৭ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ১৬৭টি জন্ম নিবন্ধন ও ০৪টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে। উক্ত সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১৭ জনকে দাফন করা হয়েছে।

সিদ্ধান্ত : প্রত্যাশী ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৯: ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে ৩য় ও ৪র্থ শ্রেণীর অস্থায়ী/মাস্টার রোলে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বেতন বৃদ্ধিকরণ প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল, মসজিদ ও শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন স্থায়ী পদের বিপরীতে এবং চুক্তি ভিত্তিক কঞ্জারভেন্সী পদে মোট ২১৯ জন ৪র্থ শ্রেণীর কর্মচারী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টার রোলে নিয়োজিত আছেন। বর্তমানে তাদের মাসিক সর্বসাকুল্যে ৭,০০০/- টাকা বেতন দেয়া হচ্ছে। বর্তমান বাজারমূল্যে এ বেতন দিয়ে একজন কর্মচারীর জীবন ধারন প্রায় অসম্ভব। বিষয়টি গত ৩১ মে, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২০ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত ২১৯ জন ৪র্থ শ্রেণীর কর্মচারীর মাসিক বেতন জুলাই, ২০১৭ হতে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হলে সাভূসে অধিদপ্তরের ০৬ আগস্ট, ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০১১.৩৩. ০৫১.১৭-৭৯ নং পত্রের মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে অস্থায়ী/মাস্টার রোলে কর্মরত কর্মচারীদের মাসিক বেতন সর্বসাকুল্যে ৬,০০০/- থেকে ৭,০০০/- টাকার স্থলে জুলাই, ২০১৭ থেকে ১০,০০০/- টাকা হারে প্রদানের অনুমোদন প্রদান করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ড থেকে শুধুমাত্র ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১০,০০০/- টাকা হারে বেতন প্রদানের প্রস্তাব করা হলেও সাভূসে অধিদপ্তরের উপরোক্ত পত্রের মাধ্যমে অস্থায়ী/মাস্টার রোলে নিয়োজিত সকল কর্মচারীর বেতন (৩য়/৪র্থ) ১০,০০০/- টাকা হারে প্রদানের অনুমোদন প্রদান করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড ও পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত ৩য় ও ৪র্থ শ্রেণীর সকল কর্মচারীকে মাসিক সর্বসাকুল্যে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে বেতন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০ বিবিধ-১ : ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ লিঃ এর জমি সংক্রান্ত সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৩৯১৭/১/ঢাকা-১২/বিএটি/এমকিউ-২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা : ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ লিঃ এর জমি সংক্রান্ত সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৪ জুলাই, ২০১৭ তারিখের ৩৯১৭/১/ঢাকা-১২/বিএটি/এমকিউ-২ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো। উক্ত পত্রে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয় ঃ-

(ক) বর্তমানে প্রস্তাবিত স্থাপনা (নতুন ওয়্যারহাউজ নির্মাণ ও বর্তমান গার্ডরুম উর্ধ্বমুখী সম্প্রসারণ) নির্মাণের নকশা অনুমোদনের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

(খ) বিদ্যুতের সাব-স্টেশন স্থাপনের নিমিত্তে বিএটিবি এর দখলাধীন জমি হতে ১.৫ বিঘা জমি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পুন:গ্রহণ (Resume) করা হবে। এ বিষয়ে বিএটিবি ছাড়পত্র প্রদান করবে।

(গ) বিএটিবি কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডকে দেয় Land Tax, Holding Tax ও Conservancy Tax ২০১৭-২০১৮ অর্থ বছর হতে পুন:নির্ধারিত হারে প্রদান করবে।

(ঘ) নতুন আর কোন স্থাপনা নির্মাণের অনুমতি চাওয়া হবে না মর্মে বিএটিবি অঙ্গীকার প্রদান করবে। উল্লেখ্য যে, বিএটিবি এ পর্যন্ত ৩৯ (উনচল্লিশ) বার তাদের ফ্যাক্টরি বর্ধিত করেছে।

(ঙ) বর্তমানে প্রস্তাবিত স্থাপনা নির্মাণের অনুমতি লিজ নবায়ন করা বা না করার ক্ষেত্রে কোন রেফারেন্স হিসেবে গণ্য করা যাবে না মর্মে বিএটিবি অঙ্গীকার করবে। তবে এ বিষয়ে উক্ত বিএটিবি কর্তৃক অঙ্গীকারনামা প্রদানে অস্বীকার করা হয়েছে।

(চ) পরিবেশগত কারণে ফ্যাক্টরী মহাখালী হতে স্থানান্তরের একটি সময় পরিকল্পনা বিএটিবি প্রদান করবে। তবে এ বিষয়ে বিএটিবি'র কর্মকর্তাগণ এ বিষয়ে সম্মতি প্রদানে অপারগতা প্রকাশ করেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে বিএটিবি কর্তৃক নতুন আর কোন স্থাপনা নির্মাণের অনুমতি চাওয়া হবে না মর্মে অঙ্গীকারনামা দাখিল এবং বিদ্যুতের সাব-স্টেশন নির্মাণের জন্য ৩০(ত্রিশ) কাঠা জমি ফেরত দেয়া সাপেক্ষে নতুন ওয়্যারহাউজ ও বর্তমান গার্ডরুম উর্ধ্বমুখী সম্প্রসারণের নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও ২০১৭-২০১৮ আর্থিক সাল হতে নতুন ধার্যকৃত হারে Land Tax, Holding Tax ও Conservancy Tax আদায়ের সর্বসম্মত সিদ্ধান্তও গৃহীত হলো।

৩০ বিবিধ-২ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি বাৎসরিক মেরামত কাজে নিয়োজিত আরএফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ ৩০ জুন ২০১৭ তারিখে শেষ হয়েছে। সেনানিবাসের ট্রাফিক সিগন্যাল বাতি সচল রাখার লক্ষ্যে চুক্তি মেয়াদ বর্ধিতকরণের বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের ০৪ জুলাই ২০১৭ তারিখের আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন (১) হাজী মহসিন ক্রসিং (২) শহীদ আনোয়ার ক্রসিং (৩) স্টাফ রোড ক্রসিং (৪) রজনীগন্ধা সুপার মার্কেট ক্রসিং (৫) জিয়া কলোনী ক্রসিং (৬) মাটি কাটা ক্রসিং (৭) ফ্লাইওভার নিচ ক্রসিং বাতি মেরামত কাজে নিয়োজিত আরএফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ ৩০ জুন ২০১৭ তারিখে উত্তীর্ণ হয়েছে। উল্লেখ্য যে, বোর্ডসভার অনুমোদনক্রমে বর্তমানে প্রতিটি পয়েন্ট মেরামত/রক্ষণাবেক্ষণের জন্য মাসিক ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হিসেবে বিল পরিশোধ করা হচ্ছে। উক্ত প্রতিষ্ঠান মেরামত কাজের পরবর্তী চুক্তির মেয়াদ ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত এক বছর বৃদ্ধি করার জন্য ০৪/৭/২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য প্রতিষ্ঠানটি ট্রাফিক সিগন্যাল বাতি রক্ষণাবেক্ষণ কাজ নিয়মিত করছেন। চুক্তির মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানের আবেদনপত্রের উপর আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি বাৎসরিক মেরামত কাজের জন্য প্রতি পয়েন্ট মাসিক ২,৫০০/- (দুই হাজার) টাকা হারে ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত ০১(এক) বছরের জন্য আরএফ ইঞ্জিনিয়ারিং এর সাথে চুক্তিপত্র সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০ বিবিধ-৩ : সিরাজ-খালেদা মেমোরিয়া ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ৭,০২,৬০৬/- (সাত লক্ষ দুই হাজার ছয়শত ছয়) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়া ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পোষ্ট অপারেটিভ ও আইসিইউ এর সামনে নিরাপত্তা বেষ্টনী নির্মাণ, কালেকশন রুম ও ইসিজি রুমের ওয়াল টাইলস্, বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার কক্ষ নং-২০২, ২০৩, ২০৪ ও ২০৫ এবং ০৫টি সাইনবোর্ড নির্মাণ ইত্যাদি সংস্কার ও মেরামত করা প্রয়োজন। উক্ত কাজের জন্য ৭,০২,৬০৬/- (সাত লক্ষ দুই হাজার ছয়শত ছয়) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়া ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ৭,০২,৬০৬/- (সাত লক্ষ দুই হাজার ছয়শত ছয়) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

৩০ বিবিধ-৪ : রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩ (তিন)টি গ্রুপ টয়লেট ০১/৮/২০১৭ তারিখ হতে ৩০/৬/২০১৮ তারিখ পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২০/৭/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়। নির্ধারিত তারিখে টেন্ডার বাক্স জিডিও এর উপস্থিতিতে খোলা হলে মোট ০৪টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাওসীন এন্টারপ্রাইজ, প্রোঃ- জনাব মোঃ কামাল হোসেন, ২৪৪/৩ ইব্রাহীমপুর এর দাখিলকৃত ৭,৩৭,০০০/-(সাত লক্ষ সাতত্রিশ হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। কিন্তু ০১ টি দাখিলকৃত দরপত্রে পে-অর্ডার না থাকায় প্রাপ্ত দরপত্র বাতিল করা হয়। পরবর্তীতে ৮ আগস্ট ২০১৭ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে দরপত্র বাক্সে কোন দরপত্র পাওয়া যায়নি। অতঃপর পুনরায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২০/৮/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হলে মোট ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। এদের মধ্যে মেসার্স তাওসীন এন্টারপ্রাইজ, প্রোঃ- জনাব মোঃ কামাল হোসেন, ২৪৪/৩ ইব্রাহীমপুর এর দাখিলকৃত ৭,৩৮,০০০/-(সাত লক্ষ আটত্রিশ হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। কিন্তু প্রাপ্ত ০৪(চার) টি দরপত্রের মধ্যে মেসার্স আল আমিন এন্টারপ্রাইজ, ১৮৪/৪, পশ্চিম ভাষানটেক কর্তৃক ৮ আগস্ট ২০১৭ তারিখে ক্রয়কৃত দরপত্রে (অর্থ্যাৎ পূর্বে ক্রয়কৃত দরপত্র) পে-অর্ডার বিহীন ৯,৫০,০০০/-(নয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকার দর দাখিল করেছেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারার দরপত্র বাতিল করত: পুন:দরপত্র আহ্বানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০ বিবিধ-৫ : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করার জন্য ভেন্টিলেশন এর পাওয়ার সাপ্লাই ইউনিট এবং অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন কাজের জন্য ৪,৯৯,৮০০/- (চার লক্ষ নিরানব্বই হাজার আটশত) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করার জন্য ভেন্টিলেশন এর পাওয়ার সাপ্লাই ইউনিট এবং অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন করা প্রয়োজন। উক্ত কাজের জন্য ৪,৯৯,৮০০/- (চার লক্ষ নিরানব্বই হাজার আটশত) টাকা ব্যয় হবে। এ কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আইসিইউ চালু করার জন্য ভেন্টিলেশন এর পাওয়ার সাপ্লাই ইউনিট এবং অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন কাজের জন্য ৪,৯৯,৮০০/- (চার লক্ষ নিরানব্বই হাজার আটশত) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক তহবিল হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-ক

23 Aug 17

*(এস. এম. আব্দুল কাদের)*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

*পরিশিষ্ট-'ক'*

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মুহাম্মদ শরিফুল ইসলাম, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি)<br>অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্ণেল তারেক আব্দুল্লাহ<br>ভারপ্রাপ্ত সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মইনুল ইসলাম<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | মোঃ শরীফুল আলম তানভীর<br>এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |